

নারায়ণগঞ্জ ইয়ুথ এন্ডিং হাঙ্গার-এর অন্য মানবিক উদ্যোগ

করোনাভাইরাস সংক্রমণে বাংলাদেশে সবচেয়ে সংকটজনক এলাকা নারায়ণগঞ্জ। দেশের বিভিন্ন এলাকার শ্রমজীবী মানুষ এখানে সম্প্রতি আটকা পড়েছেন। নারায়ণগঞ্জের সানারপাড় ইউনিট ইয়ুথ এন্ডিং হাঙ্গার লকডাউনের ফলে আটকেপড়া মানুষের পাশে দাঁড়ানোর জন্য এলাকার বিভিন্ন প্রতিষ্ঠান ও ধনাঢ্য ব্যক্তিদের কাছ থেকে অর্থ সংগ্রহ করে এবং নিজেরা চাঁদা দিয়ে চাল, ডাল, আটা তেল লবন ক্রয় করেন। এলাকার দরিদ্র মানুষের বাড়ি বাড়ি গিয়ে তারা ৪ এপ্রিল রাতের অন্ধকারে খাবার পৌঁছে দেন।



সানার পাড় ইয়ুথ ইউনিটের সমন্বয়কারী আবু জিসানের নেতৃত্বে ১০ জন তরুণ সানারপাড় এলাকার ৮২টি নিম্নবিত্ত ও দরিদ্র পরিবারের মাঝে খাবার বিতরণ করেন। প্রত্যেক পরিবারকে তারা পাঁচ কেজি চাল, দুই কেজি আটা, এক কেজি ডাল, এক লিটার তেল, এক কেজি পিঁয়াজ ও একটি সাবান দেন।



তারুণ্যের করোনাপ্রতিরোধ উদ্যোগ কয়েকটি দৃষ্টান্ত

নেত্রকোণা

নেত্রকোণা সরকারি কলেজ ইয়ুথ ইউনিটের যুগ্ম-সমন্বয়কারী সাহ সৌরভ-এর নেতৃত্বে প্রণয়, রোমনও আকরাম-এর সহযোগিতায় করোনা ভাইরাস প্রতিরোধে ১৪ এপ্রিল নেত্রকোণা জেলার সিংহের বাংলা ইউনিয়নের রায়দুমরুহী, সহীলপুর, ফরিদপুর ও ময়রহী গ্রামে চারটি বড় স্প্রে মেশিন দিয়ে জীবাণুনাশক ছিটানো হয়। এসময় তারা এলাকার মানুষের মাঝে হাত ধোয়া প্রয়োজনীয়তা বিষয়ে সচেতনমূলক বার্তা প্রচার করেন।



বরিশাল

করোনা ভাইরাসমুক্ত গ্রাম গড়ার প্রত্যয় নিয়ে ইয়ুথ এন্ডিং হাঙ্গার ঢাকা জেলার সমন্বয়কারী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মহিউদ্দিন রনি তার নিজ এলাকার বিভিন্ন কর্মসূচি পরিচালনা করছেন। এলাকার তরুণদের সক্রিয় করে বরিশাল সদর উপজেলার সাহেবেরহাটে সপ্তাহব্যাপী জীবাণুনাশক ওষুধ দেয়া, হাত ধোয়া কর্মসূচি ও সচেতনতামূলক তথ্য প্রচার করেন। স্থানীয় সরকার ও স্থানীয় প্রশাসনকে সম্পৃক্ত করে তাদের এই কার্যক্রম ৮ এপ্রিল শুরু হয়ে এখনো চলমান রয়েছে।



রাজশাহী

গ্রামের সাধারণ মানুষদের মাঝে করোনা প্রতিরোধ বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইয়ুথ এন্ডিং হাঙ্গার রাজশাহী জেলার মোহনপুর ইউনিটের ১০ জন সদস্যের অংশগ্রহণে প্রচারাভিযান পরিচালনা এবং ১০০টি দরিদ্র পরিবারে সাবান বিতরণ করা হয়। মোহনপুর উপজেলার বাকশিমইল ইউনিয়নের পরিজনপাড়া, মিরপুর ও পাথালিয়া গ্রামের বিভিন্ন স্থানে এ কর্মসূচি পরিচালিত হয়। এছাড়াও তারা বাইরে থেকে সম্প্রতি যেসকল মানুষ এলাকায় এসেছে তাদের তালিকা করে ইউনিয়ন পরিষদের সদস্যের কাছে জমা দেন।